অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটে প্রথম বার্ষিক প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস চালু হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

সিম্পোজিয়াম এবং ভার্চুয়াল জব ফেয়ারে প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ স্টেট সংস্থা, বেসরকারি নিয়োগদাতা এবং অলাভজনক সংস্থাগুলো অংশগ্রহণ করবে

অক্টোবর মাসকে প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস হিসেবে নির্ধারণ করে গভর্নর ঘোষণাপত্র জারি করেছেন

এই আইন (A.8915-B/S.7746-B) বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অফিসকে প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করা নিয়োগকারীদের জন্য স্বেচ্ছামূলক প্রশিক্ষণ এবং সার্টিফিকেশন প্রোগ্রাম আয়োজন করার সক্ষমতা প্রদান করছে

এই আইন (S.7578-C/A.8549-C) সোর্স কন্ট্রাক্টের কত শতাংশ প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের দ্বারা সম্পন্ন করা বাধ্যতামূলক হবে তার একটি নতুন সীমা নির্ধারণ করছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কের প্রথম বার্ষিক প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতা মাসের সিম্পোজিয়াম চালু করেছেন, যেখানে আগামী মঙ্গলবার, 11 অক্টোবর, ভেন্ডর ফেয়ার, কর্মশালা, বিনোদনমূলক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ইত্যাদি নিয়ে সারা দিনব্যাপী আয়োজন থাকবে এবং একটি অনলাইন জব ফেয়ারও আয়োজন করা হবে যা কর্মস্থলে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সমর্থন করার ক্ষেত্রে স্টেটের অঙ্গীকারাবদ্ধতা তুলে ধরবে। এছাড়াও গভর্নর হোকল একটি আইন (A.8915-B/S.7746-B) স্বাক্ষর করেছেন যা বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অফিসকে (Office for People With Developmental Disabilities) প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদানকারী নিয়োগকারীদের জন্য একটি স্বেচ্ছামূলক প্রশিক্ষণ ও সার্টিফিকেশন প্রোগ্রাম আয়োজন করার সক্ষমতা প্রদান করছে; এবং আরেকটি আইন (S.7578-C/A.8549-C) স্বাক্ষর করেছেন যেটি সোর্স কন্ট্রাক্টের কত শতাংশ প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের দ্বারা সম্পন্ন করা বাধ্যতামূলক হবে তার একটি নতুন সীমা নির্ধারণ করছে।

"নিউ ইয়র্কের স্বপ্ন বাস্তবে রূপ দেওয়ার জন্য, আমাদের অবশ্যই আমাদের স্টেটকে সবার জন্য অন্তর্ভুক্তিমূলক, একীভূত এবং অ্যাক্সেসযোগ্য করে তুলতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা এই পথে কতটা এগিয়ে এসেছি সে সম্পর্কে প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস স্বীকৃতি দিচ্ছে এবং এটি অনুধাবন করছে যে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সম্প্রসারণ করতে এবং সব নিউ ইয়র্কবাসীর মতোই কর্মীদলে তাদের জন্য একই সুযোগ থাকার বিষয়টি নিশ্চিত করতে আরো কাজ করা বাকি রয়ে গেছে।"

এছাড়াও গভর্নর প্রথম বার্ষিক প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস এবং 'ড্রিম' সিম্পোজিয়াম চালু করার একটি ঘোষণাপত্র জারি করেছেন, যেটির লক্ষ্য হলো নিউ ইয়র্কের প্রতিবন্ধী কমিউনিটির অধিকারসমূহের স্বীকৃতি দেওয়া, যার মধ্যে কর্মসংস্থানের সমান সুযোগ পাওয়ার অধিকারও অন্তর্ভুক্ত রয়েছে। আজ শুরু হওয়া এই দুই-দিন ব্যাপী ইভেন্টে সরাসরি উপস্থিত হয়ে অংশ নেওয়ার মতো একটি ভেন্ডর ফেয়ার আয়োজন করা হবে, যেখানে 70টিরও বেশি বেসরকারি, সরকারি এবং অলাভজনক সংস্থা অংশগ্রহণ করবে এবং আগামী মঙ্গলবার একটি ভার্চুয়াল জব ফেয়ার আয়োজন করা হবে যেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করতে আগ্রহী 100টিরও বেশি ব্যবসা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে এবং প্রায় 8,000 কর্মসংস্থান লভ্য থাকবে।

এই সিম্পোজিয়ামে প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান সম্পর্কিত চারটি কর্মশালা আয়োজন করা হবে:

- নিউ ইয়র্ক স্টেটের দ্য অ্যাবল প্রোগ্রাম (The ABLE Program)
- OPWDD-এর প্রস্তাবিত 5.07 পরিকল্পনা - 2023-2027 সম্পর্কে সার্বিক ধারণা
- নিউ ইয়র্ক স্টেটের সিভিল সার্ভিস 55 B & C কর্মসূচি
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মস্থলে প্রণোদনা

এছাড়াও এই সিম্পোজিয়ামের অংশ হিসেবে স্টেট দুইজন অ্যাডভোকেটের অর্জনকে স্বীকৃতি দিয়েছে যাদের কাজ প্রতিবন্ধী ব্যক্তিরা যাতে তাদের প্রয়োজন পূরণের জন্য সবচেয়ে অন্তর্ভুক্তিমূলক, একীভূত ও অ্যাক্সেসযোগ্য উপায়ে সেবা পান সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করেছে। নিউ ইয়র্ক স্টেট ইন্ডিপেন্ডেন্ট লিভিং কাউন্সিল (New York State Independent Living Council)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর, ব্র্যাড উইলিয়ামসকে DREAM লাইফটাইম অ্যাডভোকেসি অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে, অন্যদিকে একজন অবসরপ্রাপ্ত ইউনিভার্সিটি প্রফেসর এবং CUNY স্কুল অব ল-এর ডিন এমিয়েরিটা, ক্রিস্টিন বুথ গ্লেনকে DREAM 2022 অ্যাডভোকেট অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। এছাড়াও এই ইভেন্টে FLAME দ্যা ব্যান্ড, প্রতিবন্ধী মিউজিশিয়ানদের একটি গ্রুপ অংশগ্রহণ করে যারা এম্পায়ার স্টেট প্লাজা কনকোর্সে পারফর্ম করেন।

এই সিম্পোজিয়ামের আগে, গভর্নর হোকল একটি আইন (A.8915-B/S.7746-B) স্বাক্ষর করেছেন যা স্টেটের বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অফিসকে সংস্থাটির এমপ্লয়-অ্যাবিলিটি (EmployAbility) শপথ গ্রহণকারী নিয়োগকারীদের জন্য একটি স্বেচ্ছামূলক প্রশিক্ষণ ও সার্টিফিকেশন কর্মসূচি প্রতিষ্ঠা করার নির্দেশ দিয়েছে। এই স্বেচ্ছামূলক প্রশিক্ষণ কর্মসূচি এমন

প্রযুক্তি ও কলাকৌশলের প্রসার ঘটাবে যা বাস্তবায়ন করার মাধ্যমে নিয়োগকারীরা প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করে বৈচিত্র্য বৃদ্ধি করতে পারবেন।

স্টেট সিনেটর জন ম্যানিয়ন বলেন, "আমরা জানি যে পছন্দনীয় উৎস (Preferred Source) কর্মসূচি, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের সুযোগ, এবং কয়েক বিলিয়ন ডলারের অর্থনৈতিক কার্যকলাপের মধ্যে প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান রয়েছে। আমার বিলটি এই কর্মসূচিকে সম্প্রসারণ করছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রতিবন্ধী কর্মচারীদের সঙ্গে যুক্ত হতে এবং তাদের সহায়তা করতে সাহায্য করার জন্য নতুন নির্দেশনা ও সার্টিফিকেশন প্রদান করছে। আমি আশাবাদী যে এটি 70 শতাংশ কর্মহীনতার হারের ভয়ঙ্কর অবস্থার সম্মুখীন হওয়া একটি কমিউনিটির জন্য কর্মসংস্থানের সুযোগের দ্বার উন্মুক্ত করবে। এসব বিল একটি অধিকতর ন্যায্য, ন্যায়বিচারপূর্ণ, ও সমতাপূর্ণ নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য আমার অঙ্গীকারাবদ্ধতার অংশ এবং গভর্নর হোকলের অংশীদারিত্ব ও নেতৃত্বের জন্য আমি গভীরভাবে কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস বারডিক বলেন, "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের সুযোগ বিষয়ক সাবকমিটির সভাপতি হিসেবে, এই জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ পাওয়ার ক্ষেত্রে বহু প্রতিবন্ধকতা সম্পর্কে আমি অবগত হয়েছি। আমার দুইটি বিল, A8549 ও A8915, প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ দেওয়ার জন্য কোম্পানিগুলোকে প্রণোদনা ও উৎসাহ প্রদান করতে সাহায্য করবে। এই ব্যাপারে সত্যিকারের অগ্রগতি অর্জনের ক্ষেত্রে তাদের সহযোগিতার জন্য গভর্নর হোকল এবং OPWDD-এর কমিশনার নেইফিল্ডকে ধন্যবাদ। আমরা এখনো আমাদের যেখানে থাকা প্রয়োজন সেখানে পৌঁছাতে পারিনি, কিন্তু এই বিলগুলো সঠিক পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে গৃহীত একটি পদক্ষেপ।"

এছাড়াও গভর্নর হোকল একটি আইন (S.7578-C/A.8549-C) স্বাক্ষর করেছেন যা পছন্দনীয় উৎস সংক্রান্ত বিধানটি আধুনিকায়ন করছে এবং এধরনের কন্ট্রাক্টের কত শতাংশ প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের দ্বারা অথবা এই অবস্থানের জন্য যোগ্য বিবেচিত হওয়া অন্য ব্যক্তিদের দ্বারা সম্পন্ন করা বাধ্যতামূলক হবে তার একটি নতুন সীমা তৈরি করছে। এই নতুন আইন একটি মানদণ্ড প্রতিষ্ঠা করছে যে একটি পছন্দনীয় উৎস কন্ট্রাক্টের 50 শতাংশ বা তার বেশি অংশের কাজ অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তিদের দ্বারা সম্পন্ন করতে হবে এবং স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services)-এর কাছ থেকে অনুমোদন ছাড়াই নিজস্ব বিবেচনায় অর্থ্য ব্যয় করার সীমা 100,000 ডলারে নির্ধারণ করেছে।

চিফ ডিজেবিলিটি অফিসার কিম টি. হিল বলেন, "প্রতিবন্ধী ব্যক্তিদের চাওয়া ও প্রাপ্য অধিকারগুলো সুরক্ষিত রাখা ও বজায় রাখা আমাদের গুরুদায়িত্ব, যেসব অধিকারের মধ্যে অর্জনমুখী, উৎপাদনমুখী, একীভূত, এবং অপরিহার্য কর্মসংস্থান পাওয়ার অধিকার অন্তর্ভুক্ত রয়েছে। একসঙ্গে আমাদের অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আমাদের কমিউনিটিগুলোতে পুরোপুরি একীভূত জীবনযাপনের জন্য সুযোগসমূহ উন্নত করতে এবং অধিকারসমূহ সুরক্ষিত রাখতে সচেষ্ট হতে হবে, যেটি প্রতিবন্ধী ব্যক্তিদের সফল কর্মসংস্থান, ক্যারিয়ারের অগ্রগতি এবং শিল্পোদ্যোগের দিকে নিয়ে যাবে এবং সত্যিকার অর্থেই আমাদের স্টেটকে সব নিউ ইয়র্কবাসীর জন্য অন্তর্ভুক্তিমূলক করে তুলবে।"

সেইসাথে, নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলের দ্বিতীয় তলায় গভর্নরের রিসেপশন রুমে নভেম্বরের 4 তারিখ পর্যন্ত প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতা বিষয়ক একটি প্রদর্শনী চলমান রয়েছে। এই প্রদর্শনী প্রতিবন্ধীদের অধিকার আন্দোলনের সমৃদ্ধ ইতিহাস, চ্যালেঞ্জ, ও অর্জনগুলোর প্রতি এবং নিউ ইয়র্ক স্টেটের অর্জিত সুরক্ষা, পরিষেবা ও সহায়তাগুলোর প্রতি সম্মান জানাচ্ছে।

এই প্রদর্শনীতে এমন নিউ ইয়র্কবাসীদের ছবি ও গল্পগুলো উঠে এসেছে যারা অধিকার অর্জনের জন্য লড়াই করেছেন এবং এখনো লড়াই চালিয়ে যাচ্ছেন, যার মধ্যে গভর্নর হিসেবে দায়িত্ব পালনের সময়ে এক্সিকিউটিভ ম্যানশনে ফ্যাঙ্কলিন ডেলানো রুজভেল্ট-এর ব্যবহার করা হুইলচেয়ারও রয়েছে। এই সিম্পোজিয়ামের অংশ হিসেবে এম্পায়ার স্টেট প্লাজায় আজ এই প্রদর্শনীর একটি প্যানেল সংস্করণ প্রদর্শন করা হবে।

গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে কর্মসংস্থানের হার ব্যাপকভাবে উন্নত করার জন্য একটি শক্তিশালী অঙ্গীকারাবদ্ধতা জোরদার করার উদ্দেশ্যে মূল এমপ্লয়মেন্ট ফার্স্ট কমিশন (Employment First Commission) এবং এটির লক্ষ্যগুলো পুনরুজ্জীবিত করছে। 2015 সালে প্রতিষ্ঠিত, নিউ ইয়র্কের এমপ্লয়মেন্ট ফার্স্ট নীতিমালা হচ্ছে পরিষেবা গ্রহণকারী প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের কর্মসংস্থানের হার পাঁচ শতাংশ বৃদ্ধি করার জন্য সরকার, কমিউনিটি সংস্থা, এবং অ্যাডভোকেসি সংস্থাগুলোর সহযোগী হয়ে কাজ করার একটি হাতিয়ার।

এছাড়া এই বছরের শুরুতে, গভর্নর হোকল প্রতিবন্ধী ব্যক্তিদের পক্ষে কাজ করার জন্য স্টেটের প্রথম চিফ ডিজেবিলিটি অফিসারের কার্যালয় প্রতিষ্ঠা করেন। এই নতুন অফিস সব স্টেট নীতিমালা, কর্মসূচি ও ক্রিয়াকলাপ যাতে সত্যিকার অর্থেই প্রতিবন্ধী সব ব্যক্তির প্রয়োজন পূরণ করে সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্ককে অন্তর্ভুক্তি, একীভূতকরণ ও অ্যাক্সেসযোগ্যতার একটি মডেল হিসেবে প্রতিষ্ঠা করতে সাহায্য করছে।

হিল, যিনি ফেব্রুয়ারি মাসে চিফ ডিজেবিলিটি অফিসার হিসেবে নিযুক্ত হয়েছিলেন, স্টেটজুড়ে একটি সমন্বিত প্রচেষ্টাকে আরো জোরদার করার জন্য এক্সিকিউটিভ চেম্বারে স্টেটের চিফ ডাইভার্সিটি অফিসারের সঙ্গে সহযোগী হয়ে কাজ করছেন। এছাড়াও তিনি স্টেটের প্রতিবন্ধী আমেরিকানদের জন্য আইন বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয় সাধন করেন এবং মোস্ট ইন্টিগ্রেটেড সেটিং কোঅর্ডিনেটিং কাউন্সিল (Most Integrated Setting Coordinating Council)-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অফিস-এর কমিশনার কেরি নেইফিল্ড বলেন, "বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিরা আমাদের স্টেটের অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন এবং তাদের সে ভূমিকা পালন করতে পারা উচিত, কারণ তারা বেশিরভাগ ক্ষেত্রে ব্যবহৃত না হওয়া কর্মীদের এমন একটি বিশাল পুলের প্রতিনিধিত্ব করেন যারা কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সক্ষম রয়েছেন। অর্থপূর্ণ কর্মসংস্থানের মাধ্যমে সব নিউ ইয়র্কবাসীকে মর্যাদা ও অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনে সাহায্য করার জন্য চিফ ডিজেবিলিটি অফিস এবং এটির সহযোগী সংস্থাগুলোর সঙ্গে অংশীদার হতে পেরে OPWDD গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "একটি বৈচিত্র্যপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক কর্মীদল হলো সফলতা অর্জনের চাবিকাঠি এবং DOL প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সমতাপূর্ণ সুযোগ নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর পছন্দের একটি ক্যারিয়ার খুঁজে নেওয়ার অধিকার রয়েছে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সম্পর্কে জাতীয় সচেতনতার মাস ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য তাদের নীতিমালা ও রীতিগুলো পরীক্ষা করে দেখা, এবং অন্তর্ভুক্তির প্রচেষ্টা প্রদর্শন করার জন্য একটি দারুন সুযোগ।"

অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health)-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "অফিস অব মেন্টাল হেলথ প্রতিযোগিতামূলক, একীভূত কর্মসংস্থানের মাধ্যমে মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে। অর্থনৈতিক সুবিধার পাশাপাশি, কর্মসংস্থান একটি স্বনির্ভরতার অনুভূতি তৈরি করে, আত্ম-বিশ্বাস জোরদার করে, সাইকিয়াট্রিক লক্ষণসমূহের জন্য মানিয়ে নেওয়ার কৌশল প্রদান করে, এবং ব্যক্তিগত উন্নয়নের সুযোগ প্রদান করে। আমি গভর্নর হোকল এবং চিফ ডিজেবিলিটি অফিসার কিম হিলকে নিউ ইয়র্কের প্রথম বার্ষিক প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস উদযাপনের ব্যবস্থা করার জন্য ধন্যবাদ জানাই যেখানে আমরা নিউ ইয়র্কে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার এবং কর্মসংস্থানের সুযোগের প্রসার ঘটানোর ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থানে নিয়ে যাওয়ার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়েছি। OMH প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কারিগরি, শিক্ষাগত, কর্মসংস্থান ও প্রশিক্ষণ কর্মসূচি বৃদ্ধি করার জন্য অংশীদার স্টেট সংস্থাগুলোর সঙ্গে সহযোগী হয়ে কাজ করা অব্যাহত রেখেছে।"

ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service)-এর কমিশনার টিমোথি হগস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বে, এম্পায়ার স্টেট সব নিউ ইয়র্কবাসীর জন্য সুযোগ তৈরি ও জোরদার করতে নাটকীয় অগ্রগতি অর্জন করেছে, যা সামাজিক ও অর্থনৈতিক গতিশীলতার প্রতিবন্ধকতাসমূহ গুঁড়িয়ে দিচ্ছে এবং সবার জন্য সমান সুযোগের প্রসার ঘটানো হচ্ছে। ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য লভ্য থাকা পাবলিক সার্ভিস ক্যারিয়ারের সুযোগসমূহ তুলে ধরার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রথম প্রতিবন্ধীদের অধিকার এবং কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস উদযাপনের অংশ হতে পেরে আনন্দিত। গভর্নরের প্রতিবন্ধী ব্যক্তি ও ভেটেরানদের নিয়োগ প্রদানের কর্মসূচি (Governor's Program to Hire Individuals and Veterans with Disabilities) এর মতো কর্মসূচিগুলোর মাধ্যমে আমরা প্রতিবন্ধী ব্যক্তি ও ভেটেরানদের জন্য স্টেট পরিষেবায় অংশগ্রহণের পথ তৈরি করছি। সব নিউ ইয়র্কবাসীর স্বার্থকে সবচেয়ে ভালোভাবে রক্ষা করতে পারবে এমন একটি সরকারি কর্মীদল গড়ে তোলা অব্যাহত রাখতে আমরা আমাদের অংশীদার স্টেট সংস্থাগুলোর সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তর (Office of Children and Family Services)-এর কমিশনার শেইলা পুলি বলেন, "আমাদের সংস্থা একটি বৈচিত্র্যপূর্ণ কর্মীদলের অসাধারণ মূল্য অনুধাবন করে - সে কর্মীদলের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিরাও অন্তর্ভুক্ত রয়েছে। OCFS-এর রয়েছে স্টেটের অন্ধদের জন্য কমিশন (Commission for the Blind), যার মিশন হচ্ছে অন্ধ এবং

দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নিয়োগযোগ্যতা বৃদ্ধি করা, স্বনির্ভরতা বৃদ্ধি করা এবং সক্ষমতা ও শক্তির বিকাশ ঘটাতে সাহায্য করা। এই কমিশন প্রাপ্তবয়স্কদের উচ্চ-মানসম্মত কর্মসংস্থান পাওয়ার সক্ষমতা প্রদান করতে তরুণ ও প্রাপ্তবয়স্কদের সমন্বিত কর্মসংস্থান ও প্রশিক্ষণ প্রদান করতে স্টেটের অংশীদার হিসেবে কাজ করছে। কর্মসূচিগুলো অর্থপূর্ণ কর্মসংস্থানের উপর জোর দিচ্ছে যাতে ব্যক্তিরা পরিপূর্ণ, উৎপাদনমুখী জীবন যাপন করতে পারেন। আমরা অন্ধ চাকরি প্রত্যাশীদের জন্য সহায়ক প্রযুক্তি ও প্রযুক্তিগত সহায়তা দিয়ে সিস্টেমগুলোর অ্যাক্সেসযোগ্যতা উন্নত করতে শ্রম বিভাগ এবং ক্যারিয়ার সেন্টারগুলোর সঙ্গে নিবিড়ভাবে কাজ করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418